


## পাঁচ পরিবার পর্যালোচনা - দ্রুত দৃশ্যলব্ধ চিত্র



মহান আদেশ পালনের জন্য একসাথে এবং দ্রুত চলার জন্য অন্যদের সাথে সম্পর্কযুক্ত হতে হবে (আশ্চর্য কিছু নয়!)। মানবজাতির শুরু সময় থেকে সময়ে সাধারণ বড় সময়কাল গুলো নির্দেশ করে কিভাবে নারী ও পুরুষ একে অপরের সাথে (এবং আল্লাহের সাথে) সম্পর্কিত ছিল। আমরা এই পাঁচটি সাধারণ সময়কালকে বলি- “পরিবার”।

যখন আমরা পরিবার নিয়ে কথা বলি আমরা সব বয়সের নারী পুরুষকে এর অন্তর্গত হিসেবে দেখি, অবিবাহিত, বিধাব অথবা বিবাহিত- সবাই পরিবারের অন্তর্গত। এর মধ্যে আপনিও রয়েছেন। কিতাব পরিবার সম্পর্কে অনেক কিছু বলে- পয়দায়েশকে প্রথম পরিবার সৃষ্টির থেকে শুরু করে বেহেস্তী মহা বিবাহ পর্যন্ত। খেরিত পৌল ভাববাণীর মতো করে বৈশ্বিক পরিবারের জন্য প্রার্থনা করেছেন:

বেহেস্ত আর দুনিয়ার সমস্ত প্রাণীদের বিভিন্ন পরিবারের সবাইকে যাঁর সন্তন বলে ডাকা হয় সেই পিতার সামনে আমি মোনাজাতের জন্য হাঁটু পাতছি। আমি মোনাজাত করি যেন আল্লাহও অশেষ মহিমা অনুসায়ে তিনি তোমাদের এমন শক্তি দেন যাতে পাক-রুহেরে মধ্য দিয়ে তোমাদের দিল শক্তিশালী হয়, আর ঈমানের মধ্য দিয়ে মসীহ তোমাদের দিল পরিপূর্ণভাবে অধিকার করেন। আমি আরও মোনাজাত করি যেন মসীহের মহক্বতের মধ্যে তোমরা গভীরভাবে ডুবে গিয়ে স্থির হও,

ইফিসীয় ৩:১৪-১৭

এই পাঁচটি পরিবার সম্পর্কে ধারণা আমাদেরকে আল্লাহের হৃদয় ও অভিপ্রায় সম্পর্কে স্পষ্ট চিত্র দেখায়, সেই সাথে মানুষের প্রয়োজন এবং পাপও বুঝতে পারি। প্রথম পরিবার (আদর্শ পরিবার) এবং শেষ পরিবার (অনন্ত পরিবার) আমাদেরকে মানুষের জন্য সৃষ্টি থেকে শুরু করে অনন্ত ভবিষ্যতের জন্য আল্লাহের চমৎকার পরিকল্পনা সম্পর্কে স্পষ্ট চিত্র প্রদর্শন করে। কেন্দ্রের পরিবার (উদ্ধারকৃত পরিবার) সব ইতিহাসের কেন্দ্রস্থিত সবচেয়ে গুরুত্বপূর্ণ হিসেবে ক্রুশারোপিত ঈসার দিকে বেশি ফোকাস করে। এই চিত্রের “উঁচু” অংশগুলি আল্লাহের নকশা ও পবিত্রতার জ্বলজলে চূড়া। পাহাড় চূড়া গুলি লক্ষ্য, নির্দেশনা, এবং মেনে চলার মতো মানদণ্ডকে প্রতিফলিত করে। দ্বিতীয় (পতিত) ও চতুর্থ (বৃদ্ধিপ্রাপ্ত) পরিবার আমাদের সংস্কৃতির সাথে আমাদের সংগ্রাম এবং ঈসার মহান আদেশ পূরণ করার প্রয়োজনীয়তা প্রকাশ করে। নিচু সময়গুলি সেই উপত্যকাকে দেখায় যে সময়ে মানুষ- নারী ও পুরুষ শয়তান, ধোঁকা এবং হৃদকে জয় করার জন্য পরিশ্রম করছে।

আপনি যেহেতু ঈসার সাথে চলতে চান, যদিও আমরা বর্তমানে পাপ এবং মৃত্যুর উপত্যকা দিয়ে চলছি, চলুন আমাদের চোখ আল্লাহের আসল উদ্দেশ্যে, তার গৌরবময় উৎসর্গ, এবং অনন্তকালীন জীবনে তার উপস্থিতির দিকে দৃষ্টি নিবদ্ধ করি।